

তারিখ ... ১৩ DEC 1985 ...

পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৫ ...

বৈমিক বাংলা

০৩

ইউনিসেফের রিপোর্ট

ইউনিসেফের বার্ষিক রিপোর্টে (১৯৯৫) বিশেষ বিশেষ ক্ষেত্রে বাংলাদেশের সাফল্যের কথা উল্লেখ করা হয়েছে। বাংলাদেশে শিশুমৃত্যুর হার হ্রাস পেয়েছে। বিশুদ্ধ পানি সরবরাহের পরিমাণও বৃদ্ধি পেয়েছে। ১৯৯৫ সালের নবেন্দ্র পর্যন্ত বাংলাদেশে ইউনিসেফ পরিচালিত এক তথ্য অনুসন্ধানমূলক জরিপের উল্লেখ করে রিপোর্টে শিশুদের টিকাদান কর্মসূচীর অভূতপূর্ব সাফল্যের কথা বলা হয়েছে। ১৯৯০ সালের সঙ্গে তুলনা করলে দেখা যায়, এখন আয়োডিনযুক্ত লবণ ব্যবহারের হার বৃদ্ধি পেয়েছে এবং শিশুদের ভিটামিন 'এ' খাওয়ার কর্মসূচী জোরালো হয়েছে। তবে দেশে এখনও অপুষ্টি আছে, এ কথাও রিপোর্টে উল্লেখ করা হয়েছে।

উন্নয়নশীল বাংলাদেশে সংখ্যাগরিষ্ঠ মানুষ দারিদ্র। জনসংখ্যা বেশী বলে দারিদ্র মানুষের সংখ্যাও বেশী। বিভিন্ন সমস্যার সমাধানও এখানে তাই বৈশ জটিল হয়ে ওঠে। সমস্যা সমাধানের পথে অধিকাংশ ক্ষেত্রে দারিদ্র্য, অজ্ঞতা, অসচেতনতা এসব অস্তরায় সৃষ্টি করে দাঁড়ায়। বাংলাদেশের সাফল্যগুলিকে তাই ছোট করে দেখা যাবে না। নানারকম প্রতিবন্ধকতা অতিক্রম করেই-বাংলাদেশ এই-সাফল্য-অর্জন করেছে। -এই-সেদিনও বাংলাদেশে শিশুমৃত্যুর হার ছিল 'উচ্চ'। বিভিন্ন রোগে বিশেষ করে ডায়ারিয়া অনুক শিশুর মৃত্যু হতো। বাংলাদেশেই প্রথম ডায়ারিয়া মৃত্যু প্রতিরোধ করার লক্ষ্যে খাবার স্যালাইন আবিষ্কার হয়। এখন শুধু বাংলাদেশেই নয় অন্যান্য উন্নয়নশীল দেশেও খাবার স্যালাইনের ব্যবহারের মাধ্যমে শিশুমৃত্যুর হার কমিয়ে আনা হয়েছে। ভিটামিন-এর ব্যাপক ব্যবহারের মাধ্যমে এখন দেশে অন্তর্ভুক্ত মোচনের উদ্যোগও নেয়া হয়েছে। বিভিন্ন জরিপে প্রমাণ হয়, গত চার বছরে বাংলাদেশে নারী ও শিশুর অবস্থান আগের তুলনায় উন্নত হয়েছে।

বাংলাদেশে সব-সমস্যার সমাধান হয়ে গেছে—এ কথা অবশ্যই আমরা বলি না। একটা দারিদ্র দেশে বাতারাতি এটা সম্ভব নয়। এখানে দারিদ্র্যের সঙ্গে ক্ষুধা ও অপুষ্টির আছে। টিকাদানের মাধ্যমে কিছু রোগ প্রতিরোধ করা সম্ভব হতে পারে। ভিটামিন এ অন্তর্ভুক্ত টেকাতে পারে। কিন্তু টিকা আর ভিটামিন ক্যাপসুলের মাধ্যমে ক্ষুধা বা অপুষ্টি টেকানো যায় না, এ কথা আমরা জানি। তবে এ বিষয়েও বাংলাদেশ নির্বিকার নয়। বর্তমান সরকার দারিদ্র্য দূর করায় সর্বোচ্চ গুরুত্ব দিয়েছে। স্বাস্থ্যবান জাতি গঠনের জন্য এ বিষয়টা গুরুত্বপূর্ণ।

শিশুরা ভবিষ্যতে সুস্থ ও স্বাস্থ্যবান নাগরিক হবে, আমরা অবশ্যই এ আশা করি। এ জন্য আয়োজন সম্পূর্ণ হবে বলেই আমরা বিশ্বাস করি।